তারিখ ..18.MAY.2016... ...
পৃষ্ঠা ...৩... কলাম...২... ......

সমকাল

# শ্রীনগরে অপহৃত স্কুলছাত্রী দুই মাস পর উদ্ধার

■ মুন্সীগঞ্জ প্রতিনিধি

মুন্সীগঞ্জের শ্রীনগর থেকে অপহৃত স্কুলছাত্রী সুমাইয়া আক্তারকে দুই মাস পর সোমবার গভীর রাতে যশোরের ঝিকরগাছা থেকে উদ্ধার করেছে পুলিশ। এ সময় মীম আক্তার নামের এক নারীকে আটক করা হয়েছে। গতকাল মঙ্গলবার অপহৃত স্কুলছাত্রী সুমাইয়া আক্তার ও গ্রেফতারকৃত মীম আক্তারকে মুন্সীগঞ্জ আদালতে পাঠানো হয়েছে। স্কুলছাত্রী সুমাইয়া উপজেলার মধ্য বাঘরা গ্রামের সৌদি আরব প্রবাসী বিল্লাল হোসেনের মেয়ে।

শ্রীনগর থানার এসআই আল আমিন জানান, গত ১২ মার্চ স্কুলে যাওয়ার পথে শ্রীনগর উপজেলার বাঘরা স্বরুপচন্দ্র উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী সুমাইয়া আক্তারকে (১৬) অপহরণ করা হয়। এ ঘটনায় স্কুলছাত্রীর পরিবার শ্রীনগরের রোদ্রপাড়া গ্রামের নুরুল হকের ছেলে মো. সাগরসহ চারজনকে আসামি করে অপহরণ মামলা করে। সোমবার গভীর রাতে যশোরের ঝিকরগাছার একটি বাড়িতে অভিযান চালিয়ে অপহৃত ছাত্রীকে উদ্ধার করা হয়।